62

তারিখ ..25. FEB. 1994 ..
পৃষ্ঠা ৪ কলাম ৪

দৈনিক ইনকিলাব

# এসএসসি পরীক্ষায় খাতা বদলের জালিয়াতি চক্রের সন্ধান ঃ

## ৬ শিক্ষকসহ ৭ জন গ্রেফতার

ময়মনসিংহ, ২৪ ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।– ভালুকায় ১৯৯৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার জালিয়াতির মাধ্যমে খাতার রোল নাম্বার পরিবর্তন করে ৩ জন মেধাবী ছাত্রকে ফেল করানোর মধ্য দিয়ে অপর ৩ জনকে পাশ করানোর মামলায় ভালুকা থান পুলিশ সম্প্রতি ৬ জন দুর্নীতিবাজ শিক্ষকসহ ৭ জনকে গ্রেফতার করেছে। গ্রেফতার কৃতরা ১৯৯৩ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার খাতা জালিয়াতি করে। কতিপয় মেধাবী ছাত্র-ছাত্রীকে ফেল করিয়ে দেয়। এ ব্যাপারে সম্প্রতি বিভিন্ন সংবাদ পত্রে খবর ছাপা হয়। গিয়াস উদ্দিন নামে একজন ছাত্র অভিভাবক কর্তৃপক্ষের কাছে চ্যালেঞ্জ করলে কর্তৃপক্ষ ঘটনা তদন্ত করে এবং বিষয়টি ধরা পড়ে।

ঢাকা উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের নির্দেশে ভালুকা থানা পুলিশ গত ৬ ফেব্রুয়ারী এক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে। গ্রেফতার কৃতরা হচ্ছে ভালুকা এসএসসি কেন্দ্রের হল সুপার হবিরবাড়ী উচ্চ বিদ্যালয়ের 'প্রধান' শিক্ষক আব্দুল গফুর, একই কেন্দ্রের সচীব-' ভালুকা পাইলট উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ এমদাদ আলী আকন্দ, একই বিদ্যালয়ের সহকারী শিক্ষক শেখ আহাম্মদ আলী ও মোঃ হামিদুল হক, লোহাবই উচ্চবিদ্যালয়ের সহকারী শিক্ষক শাহাবুদ্দিন বিএসসি গোয়ারী উচ্চবিদ্যালয়েলর সহকারী শিক্ষক আব্দুর রাজ্জাক ও ছাত্র তাজউদ্দিন। গ্রেফতারকৃতদের ৭ফেব্রুয়ারী সকালে ময়মনসিংহ কোর্টে প্রেরণ করা হলে তাদের জামিন না মঞ্জুর করে। জানা গেছে গ্রেফতারকৃতরা ১৯৯৩ সালের এসএসসি পরীক্ষার ভালুকা কেন্দ্রের ৪৬০৫৩, ৪৫৬০০ ও ৪৬০৬৪ এই নাম্বারের খাতা পরিবর্তন করে ৪৬০৯, ৪৫৮৯১ ও ২৪২১ নাম্বারের খাতা সংযোজন করে। ফলে তিনজন মেধাবী পরীক্ষার্থী ফেল করেছে। ফলাফল প্রকাশিত হলে মার্কশীট দেখে ফেল করা মেধাবী পরীক্ষার্থীরা চ্যালেঞ্জ করে বোর্ড কর্তৃপক্ষের নিকট আবেদন করে। পরবর্তীতে বোর্ড কর্তৃপক্ষ দীর্ঘদিন পরীক্ষা নীরিক্ষার পর জালিয়াতির ঘটনা উদঘাটন করে। পরে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়। গ্রেফতারকৃতরা এসএসসি পরীক্ষার খাতা জালিয়াতির চক্রের সদস্য বলে জানা গেছে।